গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ।
www.lawjusticediv.gov.bd

**আইন ও বিচার বিভাগের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি জানুয়ারী, ২০২১ খ্রিঃ এর মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ১০ জানুয়ারী ২০২১ খ্রিঃ |
| সময় | ঃ | ৩.০০ ঘটিকা |
| স্থান | ঃ | সম্মেলন কক্ষ (৭২৭ নং কক্ষ), আইন ও বিচার বিভাগ |
| প্রধান অতিথি | ঃ | সচিব, আইন ও বিচার বিভাগ |
| সভাপতি | ঃ | টিম লিডার, এপিএ কমিটি |
| সভার উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | ঃ | পরিশিষ্ট-ক সংযুক্ত। |

সভার শুরুতে টিম লিডার, এপিএ কমিটি উপস্থিত সকলকে স্বাগত জানান। এপিএ কমিটির টিম লিডার, জনাব উম্মে কুলসুম এপিএ কমিটির মাসিক সভায় মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, প্রধান অতিথি হিসেবে উপস্থিত হওয়ায় তাঁকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি আরো জানান যে, আইন ও বিচার বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোডও করা হয়েছে। ইতোমধ্যে ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের খসড়া প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে বার্ষিক কর্মপরিকল্পনার কৌশলগত ও আবশ্যিক উদ্দেশ্যসমূহের অর্জিত কাজের মান এবং পরবর্তী করণীয় বিষয়ে তিনি সভাকে বিস্তারিতভাবে প্রেজেনটেশনের মাধ্যমে অবহিত করেন। অতঃপর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত নিম্নলিখিত কৌশলগত ও আবশ্যিক উদ্দেশ্যসমূহের বিষয়ে সভায় নিম্নরূপ অগ্রগতি তুলে ধরা হয় ঃ-

| ক্রমিক নং | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১.১.১ | প্রশিক্ষণ প্রাপ্ত বিচারক | % | ২৫ | ২৪.২১% | অর্জিত মান সন্তোষজনক। (প্রমাণক সংযুক্ত) |
| ১.১.২ | প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সংখ্যা | ৪৫ | ২২ | অর্জিত মান সন্তোষজনক। আইন ও বিচার বিভাগের সহযোগী উন্নয়ন সংস্থা এনসিএসসির মাধ্যমে প্রথম ত্রৈমাসিকে সিলেট জেলার কর্মচারীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়। (প্রমাণক সংযুক্ত) |
| ১.২.১ | প্রশিক্ষণপ্রাপ্ত পাবলিক প্রসিকিউটর | সংখ্যা | ৩০০ | ৬৩০ | অর্জিত মান সন্তোষজনক (প্রমাণক সংযুক্ত) |
| ১.৩.১ | প্রশিক্ষণপ্রাপ্ত আইনজীবী | সংখ্যা | ৪০০০ | ৪০০০ | জিআইজেড-এর কারিগরী সহযোগীতায় ডিজিটাল পদ্ধতিতে আদালত পরিচালনা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | সংক্রান্ত প্রশিক্ষণটি প্রথম ত্রৈমাসিকে আয়োজিত হয়। (প্রমাণক সংযুক্ত) |
| ১.৪.১ | মনোনীত প্রশিক্ষণার্থীর সংখ্যা | সংখ্যা | ৬৪১ | ৫০৯০ | প্রমাণক সংযুক্ত |
| ১.৫.১ | মামলা দায়েরের পূর্বে মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি | সংখ্যা | ৪৫০০ | ৬৮০৭ | সন্তোষজনক। (প্রমাণক সংযুক্ত) |
| ১.৫.২ | মামলা দায়েরের পর মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি | সংখ্যা | ১০,০০০ | ৫৫৯৮ | সন্তোষজনক। প্রমাণক সংযুক্ত |
| ১.৬.১ | ডিজিটাল নেটওয়ার্কভূক্ত আদালত | সংখ্যা | ২০০ | ২০০ | যে সকল জেলার আদালতে ডিজিটাল নেটওয়ার্ক নিশ্চিত করা হয়েছে, তার নামসমূহ প্রতিবেদনে উল্লেখ করা হয়নি। (প্রমাণক সংযুক্ত) |
| ১.৭.১ | শিশু আইন বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত বিচারক/অন্যান্য কর্মকর্তা | সংখ্যা | ৩০০ | ১৭২ | সন্তোষজনক। (প্রমাণক সংযুক্ত) |
| ২.১.১ | সহায়তাপ্রাপ্ত আবেদনকারী | সংখ্যা | ৯২০০০ | ৫১২৭২ | সন্তোষজনক। (প্রমাণক সংযুক্ত) |
| ২.২.১ | বিভাগ কর্তৃক জেলা পর্যায়ে প্রদত্ত সেবার মান পরিবীক্ষণের জন্য গৃহীত কর্মসূচীর সংখ্যা | সংখ্যা | ৯ | ৫ | সন্তোষজনক। বিষয় ভিত্তিক পরিবীক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। (প্রমাণক সংযুক্ত) |
| ২.৩.১ | প্রকৃত আইনী সহায়তা প্রাপ্ত সুবিধাভোগী | সংখ্যা | ১৪০০০ | ১১৫১৬ | সন্তোষজনক। (প্রমাণক সংযুক্ত) |
| ২.৪.১ | আয়োজিত সচেতনতামূলক অনুষ্ঠান | সংখ্যা | ৩৫০ | ১৩১ | লক্ষ্যমাত্রা ৪০০টি-এর মধ্যে অর্জিত মান সন্তোষজনক নয়। পরবর্তী ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য জাতীয় আইনগত প্রদান সংস্থার উপস্থিত সদস্যের মনোযোগ আকর্ষণ করা হয়েছে। (প্রমাণক সংযুক্ত) |
| ২.৫.১ | প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ২৮০ | ২৬৪ | সন্তোষজনক। (প্রমাণক সংযুক্ত) |
| ২.৫.২ | প্রশিক্ষিত কর্মচারী | সংখ্যা | ৪৮ | ১৭৬ | সন্তোষজনক। (প্রমাণক সংযুক্ত) |
| ২.৬.১ | প্যানেল আইনজীবীগণের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ | সংখ্যা | ৩০০ | ৩৬১ | সন্তোষজনক। (প্রমাণক সংযুক্ত) |
| ২.৭.১ | শিশু বিচারপ্রার্থীকে আইন সহায়তা প্রদান | সংখ্যা | | ১০০% | সন্তোষজনক। (প্রমাণক সংযুক্ত) |
| ৩.১.১. | প্রশিক্ষিত সাব-রেজিস্ট্রার | সংখ্যা | ১৫০ | ০ | অর্জন নেই। নিবন্ধন অধিদপ্তরের দৃষ্টি আকর্ষণ করে |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | পত্র প্রেরণ করা যেতে পারে। |
| ৩.১.২ | প্রশিক্ষিত জেলা রেজিস্ট্রার | সংখ্যা | ৪০ | ৪০ | প্রমাণক সংযুক্ত (প্রশিক্ষণ সংক্রান্ত উপস্থিতি অফিস আদেশ, ছবি সংরক্ষিত আছে, যা চাহিবামাত্র সরবরাহ করা যাবে। |
| ৩.১.৩ | প্রশিক্ষিত সহায়ক কর্মচারী | সংখ্যা | ১২০০ | ২৯ | অর্জন সন্তোষজনক নয়। (প্রমাণক সংযুক্ত) |
| ৩.১.৪ | প্রশিক্ষিত দলিল লিখক | সংখ্যা | ১২০০ | ১৫০ | অর্জন সন্তোষজনক নয়। (প্রমাণক সংযুক্ত) |
| ৩.২.১ | প্রশিক্ষিত নিকাহ্ রেজিস্ট্রার | সংখ্যা | ৪০০ | ৩৯৬ | প্রমাণক সংযুক্ত (প্রশিক্ষণ সংক্রান্ত উপস্থিতি অফিস আদেশ, ছবি সংরক্ষিত আছে, যা চাহিবামাত্র সরবরাহ করা যাবে। |
| ৩.২.২ | উদ্বুদ্ধকরণ কর্মসূচীতে অংশগ্রহণকারী | সংখ্যা | ৪০০ | ৩৯৬ | প্রমাণক সংযুক্ত |
| ৩.৩.১ | রেজিস্ট্রিকৃত দলিল | সংখ্যা | ৩০ লক্ষ | ১৯০০০০০ | অর্জন সন্তোষজনক (প্রমাণক সংযুক্ত) |
| ৩.৪.১ | হস্তান্তরিত রেজিষ্ট্রি ভবন | সংখ্যা | ১০ | ১৭ | অর্জন সম্পন্ন (প্রমাণক সংযুক্ত) |
| ৩.৫.১ | জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিষ্ট্রি অফিস পরিদর্শন এবং পরিদর্শনে প্রদত্ত সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যবস্থা নিশ্চিতকরণ | সংখ্যা | ১০ | ১৩ | অর্জন সম্পন্ন (প্রমাণক সংযুক্ত) |
| ৪.১.১ | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাংবিধানিক ও আইনগত বিষয়ে মতামত অনুবিভাগ হতে প্রদানকৃত মতামত | % | ৯০ | ৯৫.৫% | অর্জন সন্তোষজনক প্রমাণক সংযুক্ত |
| ৪.১.২ | সরকারের পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলা, আপিল, রিভিউ ও রিভিশন পরিচালনার ক্ষেত্রে সলিসিটর অনুবিভাগ হতে প্রদানকৃত মতামত | % | ৯০ | ৯০% | অর্জন সন্তোষজনক (প্রমাণক সংযুক্ত) |
| ৪.২.১ | প্রদত্ত পরামর্শ | % | ১০০ | ১০০% | কোন পরামর্শ না চাওয়ায় অর্জনের সুযোগ ছিল না, (প্রতিবেদন সংযুক্ত) |
| এম.১.১.১ | এপিএ টিমের মাসিক সভা | সংখ্যা | ১২ | ৬ | সন্তোষজনক , সভার কার্যবিবরণী (প্রমাণক সংযুক্ত) |
| এম.১.১.২ | এপিএর সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ৪ | ২ | সন্তোষজনক সংযুক্ত |
| এম.১.২.১ | মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৪ | ২ | সন্তোষজনক , সভার কার্যবিবরণী (প্রমাণক সংযুক্ত) |
| এম.১.৩.১ | অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ৪ | ২ | সভার কার্যবিবরণী সংযুক্ত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| এম.১.৪.১ | অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ৪ | ২ | সভার কার্যবিবরণী সংযুক্ত |
| এম.১.৫.১ | ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ৪ | ২ | প্রতিবেদন সংযুক্ত |
| এম.২.১.১ | ই-নথি নোট নিষ্পত্তিকৃত | % | ৮০ | ০ | অর্জন নেই। |
| এম.২.২.১ | একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | ১৫-০২-২০২১ | ০ | আগামী ত্রৈমাসিকে সম্পন্ন হবে |
| এম.২.৩.১ | একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে আয়োজিত | তারিখ | ১৫-০২-২০২১ | ০ | আগামী ত্রৈমাসিকে সম্পন্ন হবে |
| এম.২.৪.১ | প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ৫০ | ৩০ | প্রমাণক সংযুক্ত |
| এম.২.৪.২ | ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ৫ | ০ | অর্জন নেই |
| এম.২.৫.১ | ন্যূনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ০ | অর্জন নেই, আগামী ত্রৈমাসিকে সম্পন্ন হবে |
| এম.৩.১.১ | ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১০০ | ৮৭.৮৫% | প্রমাণক সংযুক্ত |
| এম.৩.২.১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বাস্তবায়িত | % | ১০০ | ১৪% | প্রমাণক সংযুক্ত |
| এম.৩.২.২ | প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডির সুপারিশ বাস্তবায়িত | % | ১০০ | -- | আইএমইডি ডিসেম্বর, ২০২০ পর্যন্ত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কোন সুপারিশ প্রেরণ করেনি। |
| এম.৩.৩.১ | দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | % | ৮০ | -- | এ বিভাগের অডিট সংক্রান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট শাখা হতে প্রদান করা হয়নি। |
| এম.৩.৩.২ | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ৫০ | -- | এ বিভাগের অডিট সংক্রান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট শাখা হতে প্রদান করা হয়নি। |

উপস্থাপিত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করে মাননীয় সচিব মহোদয় উল্লেখ করেন যে, প্রথম অর্ধবার্ষিকী প্রতিবেদন দৃষ্টে দেখা যায়, কৌশলগত উদ্দেশ্যেসমূহের মধ্যে সাব-রেজিস্ট্রার, সহায়ক কর্মচারী, দলিল লিখকদের প্রশিক্ষণ কার্যক্রম মোটেও সন্তোষজনক নয়। তিনি নিবন্ধন অধিদপ্তরের উপস্থিত আই আর ও জনাব জসিম উদ্দিন-কে এ বিষয়ে কারণ ব্যাখ্যা করার নির্দেশ প্রদান করেন।

নিবন্ধন অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, আগামী দুটি কোয়ার্টারে সাব-রেজিস্ট্রার এবং অন্যান্য কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হবে।

এ বিষয়ে এপিএ টিম লিডার নিবন্ধন অধিদপ্তরের কর্মকর্তাকে প্রশিক্ষণ সংক্রান্ত অফিস আদেশ, উপস্থিতি সংক্রান্ত হাজিরা এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রমাণক হিসেবে ছবি দাখিল করার জন্য অনুরোধ জানান। তাছাড়া, জনপ্রশাসন নীতিমালা অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার নীতিমালা এবং চাকরি সংক্রান্ত সকল প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্তকরণের জন্য অনুরোধ করেন।

সভায় উপস্থিত যুগ্ম-সচিব (প্রশাসন-১) ই-নথির মাধ্যমে দাপ্তরিক কার্যক্রমে এ বিভাগের কোন অর্জন না থাকায় প্রত্যেক শাখা, অধিশাখা ও অনুবিভাগ এর দায়িত্বে নিয়োজিত সকল কর্মকর্তাগণকে নিজ নিজ দাপ্তরিক কর্মকান্ডের ছোট ছোট অফিস আদেশসমুহ ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করার জন্য তাগিদ দেন। ইতোমধ্যে ই-নথির মাধ্যমে কিভাবে কার্যক্রম পরিচালিত হয় এ বিষয়ে সকল কর্মকর্তাগণের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে মর্মে যুগ্ম-সচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন।

ই-নথি বাস্তবায়ন এবং নির্ধারিত সময়ের মধ্যে একটি ডিজিটাল সেবা চালু করা ও একটি সেবা সহজীকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে মাননীয় সচিব সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। একই সাথে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বাস্তবায়নের হার লক্ষ্যমাত্রার চেয়ে অনেক কম অর্জিত হওয়ায় এ বিষয়ে পরিকল্পনা ইউনিটের উপ-সচিব জনাব মেহেদী হাসানকে ব্যাখ্যা করতে বলেন। জবাবে জনাব মেহেদী উল্লেখ করেন যে, প্রকৃতপক্ষে বাস্তবায়ন অগ্রগতি আরও বেশী হলেও টেকনিক্যাল কারণে আইবাস হতে বিল পরিশোধ করা সম্ভব হয়নি। উল্লিখিত কারণে প্রথম অর্ধবার্ষিকীতে উন্নয়ন কর্মসূচীর

বাস্তবায়ন প্রতিবেদনে প্রকৃত অর্জনের প্রতিফলন ঘটেনি। সচিব মহোদয় উক্ত প্রযুক্তিগত সমস্যা অবিলম্বে দুর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন।

আবশ্যকীয় কর্মপরিকল্পনার ৩.৩.১ এ উল্লিখিত অডিট আপত্তির বাস্তব অবস্থা উল্লেখ করার জন্য সচিব মহোদয় যুগ্ম-সচিব (প্রশাসন-২)-এর নিকট অনুরোধ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে একটি অনিস্পন্ন অডিট আপত্তি নিস্পত্তি করে অডিট অফিসে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। কিন্তু তাদের নিকট হতে কোন ফিডব্যাক না পাওয়ায় এ বিষয়ে চূড়ান্ত প্রতিবেদন প্রদান করা সম্ভব হয়নি। বর্ণিত বিষয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন অর্থাৎ মোট অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা এবং সেগুলোর প্রকৃত অবস্থা সুনির্দিষ্ট প্রতিবেদনসহ এপিএ কমিটির নিকট যথারীতি প্রেরণের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

আবশ্যিক কর্মকৌশল নং-২.৫.১ এর বাস্তবায়নের জন্য এ বিভাগের আওতাধীন দপ্তর-সংস্থা/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদান করার বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। এপিএ কমিটির টিম লিডার এ বিষয়ে মাননীয় সচিব মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় নির্দেশনা কামনা করেন। এপ্রেক্ষিতে সচিব মহোদয় অবিলম্বে একটি যাচাই-বাছাই কমিটি গঠনক্রমে প্রণোদনা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্ম-সচিব (প্রশাসন-২)-কে নির্দেশনা প্রদান করেন। ৩য় ত্রৈমাসিকে বর্ণিত লক্ষ্যমাত্রাটি বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তাছাড়া, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার সঙ্গে সংশ্লিষ্ট আয়োজিত সচেতনতামূলক অনুষ্ঠান-এর অর্জন লক্ষ্যমাত্রা অনুযায়ী সন্তোষজনক না হওয়ায় এ ব্যাপারে পরিচালক লিগ্যাল এইড বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত প্রদান করেন।

মাননীয় সচিব মহোদয়ের উপস্থিতিতে এপিএ কমিটি অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার সুযোগ পাওয়ায়, কমিটির টিম লিডার সচিব মহোদয়কে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। ইতোমধ্যে যে সকল সূচকে অর্জিত লক্ষ্যমাত্রা সন্তোষজনক সে সকল সূচক বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলকে তিনি ধন্যবাদ জানান। এপিএ কর্মপরিকল্পনা শতভাগ সাফল্যের সাথে বাস্তবায়নের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। একই সাথে অর্জিত সাফল্যের সমর্থনীয় প্রমাণকসমূহ যথাসময়ে এপিএ কমিটি বরাবর প্রেরণের জন্য তিনি সকলকে অনুরোধ জানান।

সবশেষে মাননীয় সচিব মহোদয় এ বিভাগের উপস্থিত সকল কর্মকর্তাগণকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিটি সূচকের শতভাগ সাফল্য অর্জনের লক্ষ্যে সক্রিয় সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। ২০২০-২০২১ অর্থ বছরে এ বিভাগ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বস্তবায়ন সর্বোচ্চ সাফল্য বয়ে আনবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সবাইকে স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কর্মকান্ড পরিচালনার জন্য অনুরোধ জানিয়ে এবং সবার সুস্বাস্থ কামনা করে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৭/০৫/২০২০

(উম্মে কুলসুম)
যুগ্ম-সচিব (মতামত)
ও
টিম লিডার এপিএ কমিটি